

AP-1  
2019/2022

# বাংলাদেশ সরকারী কর্ম কমিশন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন  
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭  
www.bpsc.gov.bd

জুনিয়র ইন্সট্রাক্টর [(টেক/সিভিল-উড, টেক/গ্লাস এন্ড সিরামিক্স, টেক/গ্রাফিক আর্টস, টেক/আরএসি, টেক/সিভিল, টেক/মেকানিক্যাল, টেক/ফুড, টেক/ইলেকট্রিক্যাল, টেক/কেমিক্যাল, টেক/আর্কিটেকচার)] পদের লিখিত পরীক্ষা।

## বিজ্ঞপ্তি

নম্বর-৮০.১০৯.০১১.০০.০০.০২.২০১৭-০৭

তারিখঃ ২৬.০৯.১৪২৫ বঙ্গাব্দ  
০৯.০১.২০১৯ খ্রিস্টাব্দ

বিষয় : শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীন কারিগরি শিক্ষা অধিদপ্তর/অধীন জুনিয়র ইন্সট্রাক্টর (টেক) পদের প্রার্থীদের লিখিত পরীক্ষা।

শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীন কারিগরি শিক্ষা অধিদপ্তরের আওতাভুক্ত পলিটেকনিক ইনস্টিটিউটের ১০ম ফেডের “জুনিয়র ইন্সট্রাক্টর(টেক)” এর নিম্নবর্ণিত পদসমূহে সরাসরি নিয়োগের লক্ষ্যে জারীকৃত নিয়োগ বিজ্ঞপ্তির (বিজ্ঞপ্তি নম্বর ৩০, ৩৭, ৩৮, ৪১, ২৯, ৩২, ৪০, ৩১, ৩৩, ৩৬ তারিখ ২৪.০১.২০১৮) প্রেক্ষিতে নিম্নোক্ত কেন্দ্রে উল্লিখিত তারিখ ও সময়সূচি অনুযায়ী লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে:

পদের নাম	রেজিস্ট্রেশন নম্বর	কেন্দ্রের নাম	লিখিত পরীক্ষার তারিখ ও সময়
জুনিয়র ইন্সট্রাক্টর (টেক/সিভিল-উড)	০০০০৭৬-০০০০৭৮	ঢাকা মহিলা পলিটেকনিক	২১.০১.২০১৯
জুনিয়র ইন্সট্রাক্টর (টেক/গ্লাস এন্ড সিরামিক্স)	০০০০০২-৬০০০৯৬	ইন্সটিটিউট, আগারগাঁও, ঢাকা।	দুপুর ১:৩০ টা থেকে বিকেল ৪:৩০ পর্যন্ত
জুনিয়র ইন্সট্রাক্টর (টেক/গ্রাফিক আর্টস)	০০০০০২-০০০১০০		
জুনিয়র ইন্সট্রাক্টর (টেক/আরএসি)	০০০০০১-৮০০০৭৩		
জুনিয়র ইন্সট্রাক্টর (টেক/সিভিল)	০০০০০১-৮০০০২২	ঢাকা মহিলা পলিটেকনিক	৩০.০১.২০১৯
জুনিয়র ইন্সট্রাক্টর (টেক/মেকানিক্যাল)	০০০০০২-৮০০০২২	ইন্সটিটিউট, আগারগাঁও, ঢাকা।	দুপুর ১:৩০ টা থেকে বিকেল ৪:৩০ পর্যন্ত
জুনিয়র ইন্সট্রাক্টর (টেক/ফুড)	০০০০০১-৮০০০৯৬		
জুনিয়র ইন্সট্রাক্টর (টেক/ইলেকট্রিক্যাল)	০০০০০১-৮০০০৮৯	শেরে বাংলা নগর সরকারি	১২.০২.২০১৯
জুনিয়র ইন্সট্রাক্টর (টেক/কেমিক্যাল)	০০০০০২-৪০০০৯২	বালিকা উচ্চ বিদ্যালয়, ঢাকা।	দুপুর ১:৩০ টা থেকে বিকেল ৪:৩০ পর্যন্ত
জুনিয়র ইন্সট্রাক্টর (টেক/আর্কিটেকচার)	০০০০০১-৭০০০৯৮		

লিখিত পরীক্ষা সম্পর্কিত জরুরি নির্দেশাবলি:

- প্রার্থীদের নামে নতুন করে ডাকযোগে কোনো প্রবেশপত্র প্রেরণ করা হবে না। অলাইনে রেজিস্ট্রেশনকালে ডাউন লোডকৃত প্রবেশপত্র নিয়ে প্রার্থীদের লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করবেন। প্রবেশপত্র হারিয়ে গেলে/নষ্ট হলে কমিশনের [www.bpsc.gov.bd](http://www.bpsc.gov.bd) ওয়েবসাইট এবং টেলিটক বাংলাদেশ লিঃ এর <http://bpsc.teletalk.com.bd> ওয়েবসাইট থেকে প্রবেশপত্র ডাউনলোড করা যাবে। প্রবেশপত্র ব্যতীত কোনো প্রার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না।
- হাজিরা তালিকায় প্রত্যেক প্রার্থীর রেজিস্ট্রেশন নম্বর এবং নামের পাশে তার ছবি এবং প্রবেশপত্রের অনুরূপ স্বাক্ষর মুদ্রিত থাকবে। প্রবেশপত্রের ছবি ও স্বাক্ষরের সঙ্গে হাজিরা তালিকার ছবি ও স্বাক্ষর মিলিয়ে দেখা হবে, মিল না থাকলে উক্ত প্রার্থীকে বহিষ্কার এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- উল্লিখিত পদগুলোর মধ্যে কোনো প্রার্থী একাধিক পদে আবেদন করলে তিনি যে কোনো একটি পদের পরীক্ষায় অংশগ্রহণ করলে একাধিক পদের পরীক্ষায় অংশ গ্রহণ করেছেন মর্মে ধরে নেয়া হবে। তবে যে পদের পরীক্ষায় অংশ গ্রহণ করবেন, উত্তরপত্রে প্রার্থীকে সেই পদের জন্য নির্ধারিত রেজিঃ নম্বর উল্লেখ করতে হবে।
- পরীক্ষার নির্ধারিত সময়ের কমপক্ষে ১৫ মিনিট আগে আসন গ্রহণ করতে হবে। পরীক্ষা শুরু হওয়ার ১৫ মিনিট পর কোনো প্রার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শুরু হওয়ার ২ ঘন্টার মধ্যে কোনো প্রার্থী পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবে না।
- প্রার্থীদের বাংলা-৫০, ইংরেজি-৫০, সাধারণ জ্ঞান-৪০ এবং টেকনিক্যাল-৬০ নম্বরসহ ৪টি বিষয়ের মোট ২০০ নম্বরের ৩ ঘন্টার একটি সমন্বিত প্রশ্নপত্র প্রদান করা হবে। নির্ধারিত ৩ ঘন্টা সময়ের মধ্যে তাদেরকে ৪টি বিষয়ের ২০০ নম্বরের উত্তর প্রদান করতে হবে।
- প্রত্যেক পরীক্ষার্থীকে একই সাথে ০৪ টি বিষয়ের জন্য ০৪ টি পৃথক লিখোকোড ফরমযুক্ত উত্তরপত্র প্রদান করা হবে। প্রার্থী প্রতিটি বিষয়ের জন্য ভিন্ন ভিন্ন উত্তরপত্র ব্যবহার করবেন। একই উত্তরপত্রে একাধিক বিষয়ের উত্তর প্রদান করা যাবে না; একই উত্তরপত্রে একাধিক বিষয়ে উত্তর প্রদান করলে উত্তরপত্র বাতিল হয়ে যাবে।

ক্রমশ/২

